# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়

## যুব উন্নয়ন অধিদপ্তর

## উজিরপুর, বরিশাল।

http://youth.wazirpur.barisal.gov.bd/

## সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter)

রূপকল্প (Vision) :

০১। অনুৎপাদনশীল যুবসমাজকে সুসংগঠিত, সুশৃঙ্খল এবং উৎপাদনমুখি রূপান্তর করা।
০২। দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে যুবদের কর্মসংস্থান কিংবা স্বকর্মসংস্থানে নিয়োজিত করা।
০৩। জাতীয় উন্নয়ন কর্মকান্ডে বেকার যুবদের সম্পৃক্ত করা।

অভিলক্ষ্য (Mission):

০১। যুবদের কল্যাণ, প্রশিক্ষণ, ঋণদান, সুসংগঠিতকরণ ও আত্মকর্মসংস্থান।
০২। উন্নয়নমূলক কাজে যুবদের স্বেচ্ছায় অংশগ্রহণে উৎসাহিত করা।
০৩। যুবদের কল্যাণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রাখা।
০৪। প্রকল্পের জন্য অর্থ মঞ্জুরি।
০৫। যুব পুরস্কার প্রদান ।
০৬। যুবদেরকে দায়িত্বশীল, আত্মবিশ্বাসী এবং অন্যান্য মানবিক গুণাবলি অর্জনে উৎসাহ প্রদানের জন্য কর্মসূচি গ্রহণ।
০৭। যুব উন্নয়ন কার্যক্রমের উপর গবেষণা ও জরিপ।
০৮। বেকার যুবদের জন্য কর্মসংস্থানের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ।

| ক্রঃনং | সেবার বিবরণ | সেবা গ্রহণকারী | প্রাপ্য সুবিধাদি | সেবা প্রাপ্তির শর্ত | সেবা প্রদানকারী কর্তৃপক্ষ | সেবা প্রাপ্তির পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ক) প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ: | | | | | | |
| | গবাদিপশু, হাঁস-মুরগি পালন, প্রাথমিক চিকিৎসা, মৎস্য চাষ ও কৃষি বিষয়ক প্রশিক্ষণ কোর্স (আবাসিক) | বেকার যুবক ও যুব মহিলা।<br>সংশ্লিষ্ট জেলার বাসিন্দা হতে হবে। | ০১। কোর্সটি আবাসিক<br>০২। সহজেই আত্মকর্মসংস্থান / কর্মসংস্থানের সুবিধা<br>০৩। অবস্থানের ভিত্তিতে প্রতিমাসে ১২০০/- টাকা খাদ্য ভাতা | ০১। ১৮-৩৫ বছরের বেকার যুবক ও যুবমহিলাগণ।<br>০২। শিক্ষাগত যোগ্যতা ৮ম শ্রেণি পাশ।<br>০৩। জাতীয়তা পরিচয়পত্র/ অনলাইন জন্ম সনদপত্র থাকতে হবে।<br>০৩। ভর্তির জন্য ১০০ টাকা ফি (জামানত ১০০ ফেরতযোগ্য) দিতে হবে।<br>০৪। বাধ্যতামূলকভাবে হোস্টেলে অবস্থান করতে হবে। | উপপরিচালকের কার্যালয়, বরিশাল<br>ddbarisal@dyd.gov.bd<br>ফোন: ০২-৪৭৮৮৬১১৭৮<br><br>যুব প্রশিক্ষণ কেন্দ্র, বাকেরগঞ্জ<br><br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়<br>wazirpur@dyd.gov.bd<br>ফোন: ০২-৪৭৮৮৭০৪৮৪ | ভর্তির বিজ্ঞপ্তি অনুসারে যথাযথ কর্তৃপক্ষ বরাবরে আবেদন করতে হবে।<br><br>মৌখিক পরীক্ষার মাধ্যমে বাছাই করা হবে। | ২ মাস ১৫ দিন |
| | খ) অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ : | | | | | | |
| | পারিবারিক হাঁস-মুরগি পালন বিষয়ক, মৎস্য চাষ, ছাগল পালন বিষয়ক, গরু মোটাতাজাকরণ বিষয়ক, কবুতর পালন বিষয়ক, নার্সারী বিষয়ক,বাটিক প্রিন্টিং বিষয়ক, পোষাক তৈরী বিষয়ক, বাঁশ ও বেতের সামগ্রী বিষয়ক প্রশিক্ষণ কোর্স প্রভৃতি | বেকার যুবক ও যুব মহিলা।<br>সংশ্লিষ্ট উপজেলার বাসিন্দা হতে হবে। | সহজেই আত্মকর্মসংস্থান / কর্মসংস্থানের সুবিধা | ০১। ১৮-৩৫ বছরের বেকার যুবক ও যুবমহিলাগণ ।<br>০২। শিক্ষাগত যোগ্যতা ৫ম শ্রেণি পাশ।<br>০৩। জাতীয়তা পরিচয়পত্র/ অনলাইন জন্ম সনদপত্র থাকতে হবে।<br>০৪। স্থানীয় চাহিদা অনুযায়ী প্রশিক্ষণ পরিচালিত হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়<br>wazirpur@dyd.gov.bd<br>ফোন: ০২-৪৭৮৮৭০৪৮৪ | মৌখিক পরীক্ষার মাধ্যমে বাছাই করা হবে। | ০৭ দিন |
| ০২ | ক) একক যুব ঋণ কর্মসূচি:<br>এ কর্মসূচির আওতায় প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক কোর্সে প্রশিক্ষিত যুবদের একক ঋণ প্রদান করা হয়। প্রত্যেক ঋণ প্রত্যাশিকে ৪০,০০০ টাকা হতে ১,০০,০০০ টাকা করে ঋণ প্রদান করা হয়। | ১৮-৩৫ বছরের বেকার যুবক ও যুবমহিলা। যারা যুব উন্নয়ন অধিদপ্তর হতে যে কোন ট্রেডে প্রশিক্ষণ প্রাপ্ত হবে। | আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প সৃজনের লক্ষ্যে প্রশিক্ষণের ধরণভেদে ৪০,০০০-১,০০,০০০ টাকা ঋণ প্রদান করা হয়।<br>সফলতার ভিত্তিতে তিন বার ঋন প্রদান করা হয়।<br>মাসিক কিস্তিতে ২/৩ বছরের মেয়াদে ঋন ও প্রাপ্য সার্ভিস চার্জ পরিশোধ করতে হয়।<br>ক্রমহ্রাসমান পদ্ধতিতে দৈনিক ভিত্তিতে অপরিশোধিত আসলের উপর ০৫% হারে সার্ভিসচার্জ গ্রহণ করা হয়।<br>প্রকল্পের ধরনের উপর নির্ভর করে ১-৩ মাস গ্রেস পিরিয়ড প্রদানের সুযোগ রয়েছে। | প্রশিক্ষণ গ্রহণের ৩ বছরের মধ্যে প্রকল্প গ্রহণের উদ্যোগ গ্রহণপূর্বক সেবা প্রাপ্তির লক্ষ্যে আবেদন করতে হবে।<br>ঋণ আবেদনকারীর পক্ষে নিশ্চরতকারীর জমির মূল দলিল/দলিলের সার্টিফাইড কপি/হালনাগাদ পর্চা ও অনলাইন দাখিলা জমা রাখতে হবে। অথবা নিশ্চয়তাকারী যদি চাকুরিজীবি থাকলে তিনি নির্ধারিত ফরমেটে তার নিয়ন্ত্রণকারী কর্মকর্তার মধ্যেমে ঋণ প্রত্যাশির নিশ্চয়তাকারী হবেন।<br>ঋণ প্রত্যশিকে অব্যশই সংশ্লিষ্ট উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়<br>wazirpur@dyd.gov.bd<br>ফোন: ০২-৪৭৮৮৭০৪৮৪ | ঋণ গ্রহীতা প্রকল্প বাস্তবায়নের জন্য উপজেলা উন্নয়ন কর্মকর্তার বরাবরে প্রাথমিক আবেদন করবেন।<br>এতে তিনি যোগ্য বলে বিবেচিত হলে নির্বাচিত আবেদনকারীকে ঋন পাওয়ার জন্য ২০ টাকার বিনিময়ে নির্ধারিত আবেদন ফরম ক্রয়পূর্বক জমা প্রদান করতে হবে। ঋণ মঞ্জুরের পর আবেদনকারী ও নিশ্চয়তাকারী ৩০০ টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গিকারনামা দাখিল করবেন। | ০১ মাস |
| | খ) গ্রুপভিত্তিক যুব ঋণ কর্মসূচি:<br>এ কর্মসূচির আওতায় বেকার যুবদের পারিবারিক গ্রুপে সংগঠিত করে ঋণ প্রদান করা হয়। প্রতি গ্রুপে ৫ জন সদস্য নিয়ে একটি দল ও ৭-১০ টি দল নিয়ে একটি কেন্দ্র গঠন করা হয়। | ১৮-৪৫ বছরের যুবক ও যুবমহিলারা কেন্দ্র গঠনের মাধ্যমে ঋণ গ্রহণ করতে পারেন। | গ্রুপের প্রত্যেক সদস্যকে প্রাথমিক পর্যায়ে ১২,০০০ এবং পর্যায়ক্রমে দ্বিতীয় দফায় ১৬, ০০০ এবং তৃতীয় দফায় ২০,০০০ টাকা পর্যন্ত ঋণ প্রদান করা হয়। ঋণের ক্ষেত্রে ০৫% হারে সার্ভিস চার্জ নেয়া হয়। দুই সপ্তাহ গ্রেস পিরিয়ড প্রদান করা হয়। | গ্রুপ সদস্য যে পরিবারের সদস্য হবেন সে পরিবারে স্থাবর অস্থাবর সম্পত্তির মোট মূল্য ২,০০,০০০ টাকার কম এবং বার্ষিক মোট আয় ৫০,০০০ কম এবং আদায়যোগ্য জমির পরিমান এক একরের কম হবে।<br>এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়<br>wazirpur@dyd.gov.bd<br>ফোন: ০২-৪৭৮৮৭০৪৮৪ | নির্ধারিত উপজেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক তার কর্ম এলাকায় প্রতি বছর কোথায় কয়টি কেন্দ্র তৈরি করবেন তা নির্ধারিত হওয়ার পর সংশ্লিষ্ট সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সে গ্রামে গমনপূর্বক পারিবারিক জরিপের ভিত্তিতে সদস্য বাছাই করে গ্রুপ ও কেন্দ্র গঠন করে থাকেন। নির্বাচিত সদস্যকে ঋন পাওয়ার জন্য ১০ টাকার বিনিময়ে নির্ধারিত আবেদন ফরম ক্রয়পূর্বক জমা প্রদান করতে হবে।<br>গ্রুপ গ্রহণের পরে প্রতি গ্রুপে ৩০০ টাকার<br>নন জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিনামা স্বাক্ষর করতে হয়। | প্রথম দফার ক্ষেত্রে ১ মাস এবং অন্যান্য দফার ক্ষেত্রে ২০ দিন |
| | গ) নতুন উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে ঋণ কর্মসূচি:<br>এ কর্মসূচির আওতায় যিনি আত্মকর্মসংস্থান ঋণ কর্মসূচির থেকে ঋণ গ্রহণ করে নিয়মিত ঋণ পরিশোধ করে দৃশ্যমান সফলতা লাভ করেছেন সে সফল আত্মকর্মী প্রাতিষ্ঠানিক ট্রেডে সর্বোচ্চ ২,০০,০০০ এবং অপ্রাতিষ্ঠানিক ট্রেডে সর্বোচ্চ ১,৫০,০০০ টাকা ঋণ প্রদান করা হয়। | আত্মকর্মসংস্থান ঋণ কর্মসূচির থেকে ঋণ গ্রহণ করে নিয়মিত ঋণ পরিশোধ করে দৃশ্যমান সফলতা লাভ করেছেন।<br>তবে সর্বোচ্চ তিনবার ঋণ গ্রহণ করেছেন এমন আত্মকর্মী এ ঋণ পাবেন না। | মাসিক কিস্তিতে ৩-৪ বছরের মেয়াদে ঋন ও প্রাপ্য সার্ভিস চার্জ পরিশোধ করতে হয়।<br>ক্রমহ্রাসমান পদ্ধতিতে দৈনিক ভিত্তিতে অপরিশোধিত আসলের উপর ০৫% হারে সার্ভিসচার্জ গ্রহণ করা হয়। | ঋণ আবেদনকারীর পক্ষে নিশ্চরতকারীর জমির মূল দলিল/দলিলের সার্টিফাইড কপি/হালনাগাদ পর্চা ও অনলাইন দাখিলা জমা রাখতে হবে। অথবা নিশ্চয়তাকারী যদি চাকুরিজীবি থাকলে তিনি নির্ধারিত ফরমেটে তার নিয়ন্ত্রণকারী কর্মকর্তার মধ্যেমে ঋণ প্রত্যাশির নিশ্চয়তাকারী হবেন।<br>ঋণ গ্রহীতাকে ঋণের সমপরিমান অর্থ এবং নির্ধারিত সময়ের প্রাপ্য সার্ভিসচার্জসহ চেক প্রদানে সক্ষম ও আগ্রহী হতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়<br>wazirpur@dyd.gov.bd<br>ফোন: ০২-৪৭৮৮৭০৪৮৪ | ঋণ গ্রহীতা প্রকল্প বাস্তবায়নের জন্য উপজেলা উন্নয়ন কর্মকর্তার বরাবরে প্রাথমিক আবেদন করবেন।<br>এতে তিনি যোগ্য বলে বিবেচিত হলে নির্বাচিত আবেদনকারীকে ঋন পাওয়ার জন্য ২০ টাকার বিনিময়ে নির্ধারিত আবেদন ফরম ক্রয়পূর্বক জমা প্রদান করতে হবে। ঋণ মঞ্জুরের পর আবেদনকারী ও নিশ্চয়তাকারী ৩০০ টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গিকারনামা দাখিল করবেন। | ০১ মাস |
| | ঘ) যুব উদ্যোক্তা ঋণ বিতরণ:<br>এ কর্মসূচির আওতায় যিনি যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক স্বল্প/দীর্ঘমেয়াদী 'দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ' প্রাপ্ত যুবক/ যুবনারীকে সর্বোচ্চ ৩,৫০,০০০ টাকা ঋণ প্রদান করা হয়। | সর্বোচ্চ ৪০ বছর বয়সের উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ গ্রহণ করি যিনি উদ্যোক্তা হিসেবে অধিদপ্তর হতে স্বীকৃতিপ্রাপ্ত। | মাসিক কিস্তিতে ৩-৪ বছরের মেয়াদে ঋন ও প্রাপ্য সার্ভিস চার্জ পরিশোধ করতে হয়।<br>ক্রমহ্রাসমান পদ্ধতিতে দৈনিক ভিত্তিতে অপরিশোধিত আসলের উপর ০৫% হারে সার্ভিসচার্জ গ্রহণ করা হয়। | ঋণ আবেদনকারীর পক্ষে নিশ্চরতকারীর জমির মূল দলিল/দলিলের সার্টিফাইড কপি/হালনাগাদ পর্চা ও অনলাইন দাখিলা জমা রাখতে হবে। অথবা, নিশ্চয়তাকারী যদি চাকুরিজীবি থাকলে তিনি নির্ধারিত ফরমেটে তার নিয়ন্ত্রণকারী কর্মকর্তার মধ্যেমে ঋণ প্রত্যাশির নিশ্চয়তাকারী হবেন।<br>ঋণ গ্রহীতাকে ঋণের কিস্তি পরিশোধের লক্ষ্যে ৩৬-৪৮টি অগ্রিম স্বাক্ষরিত চেক (তারিখ ও টাকার পরিমাণ উল্লেখপূর্বক) প্রদানে সামর্থবান হতে হবে। | উপপরিচালকের কার্যালয়, বরিশাল<br>ddbarisal@dyd.gov.bd<br>ফোন: ০২-৪৭৮৮৬১১৭৮<br><br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়<br>wazirpur@dyd.gov.bd<br>ফোন: ০২-৪৭৮৮৭০৪৮৪ | ঋণ গ্রহীতা প্রকল্প বাস্তবায়নের জন্য উপপরিচালক বরাবরে আবেদন করবেন। এতে তিনি যোগ্য বলে বিবেচিত হলে নির্বাচিত আবেদনকারীকে ঋন পাওয়ার জন্য চুড়ান্তভাবে বিবেচিত হলে ১০০ টাকা আবেদন ফরম ক্রয়বাবদ জমা প্রদান করতে হবে। ঋণ মঞ্জুরের পর আবেদনকারী ও নিশ্চয়তাকারী ৩০০ টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গিকারনামা দাখিল করবেন। | ০৪ মাস |
| ০৩ | যুব সংগঠন (নিবন্ধন ও পরিচালনা) কার্যক্রম | যুব উন্নয়ন অধিদপ্তরের সাথে সম্পৃক্ত এবং সমাজসেবামূলক কাজ করে থাকে। | প্রত্যেক আবেদনকারী বেসরকারী স্বেচ্ছাসেবী যুব সংগঠন নিবন্ধনের নির্ধারিত ফরমে যুব উন্নয়ন অধিদপ্তরের সংশ্লিষ্ট জেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বরাবরে আবেদন করবে। | প্রত্যেক আবেদনকারী বেসরকারী স্বেচ্ছাসেবী যুব সংগঠন নিবন্ধনের নির্ধারিত ফরমে যুব উন্নয়ন অধিদপ্তরে সংশ্লিষ্ট জেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বরাবরে আবেদন করবে।<br>আবেদনপত্রের সাথে গঠনতন্ত্র অনুমোদনকারী সভার কার্যবিবরণীর সত্যায়িত অনুলিপি এবং কার্যনির্বাহী কমিটি কর্তৃক অনুমোদিত কার্যবিবরণীর ৩ কপি করে সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।<br>১-৩৬৪০-০০০০-১৮৩৬ এর অনুকূলে অফেরতযোগ্য ৫০০ টাকার ট্রেজারি চালান জমা করতে হবে। | উপপরিচালকের কার্যালয়, বরিশাল<br>ddbarisal@dyd.gov.bd<br>ফোন: ০২-৪৭৮৮৬১১৭৮<br><br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়<br>wazirpur@dyd.gov.bd<br>ফোন: ০২-৪৭৮৮৭০৪৮৪ | নির্ধারিত ফরমে আবেদন। | যে কোন সময় |
| ০৪ | যুব কল্যাণ তহবিলের অনুদান | যুব উন্নয়ন অধিদপ্তরের সাথে স্বীকৃতিকৃত ও রেজিষ্ট্রেশনকৃত যুব সংগঠন। | নির্বাচিত সংগঠনের প্রকল্পের প্রকৃতি ও অবদান বিবেচনা করে ৫০,০০০ টাকা পর্যন্ত প্রকল্প অনুদান বিবেচনা করা হয়। | বিজ্ঞপ্তি অনুসারে নির্ধারিত সময়ে অনলাইনে আবেদন করতে হবে। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়<br>http://moysports.gov.bd<br><br>যুব উন্নয়ন অধিদপ্তর<br>http://dyd.gov.bd<br><br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়<br>http://youth.wazirpur.barisal.gov.bd/ | অনলাইনে আবেদন করতে হবে। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের চূড়ান্ত মনোনয়নের পর জেলা কার্যালয়ের মাধ্যমে বছরে নির্ধারিত সময় ও তারিখে মন্ত্রণালয়ের অনুষ্ঠান থেকে মনোনিত সংগঠনকে চেক গ্রহণ করতে হয়। |
| ০৫ | জাতীয় যুব পুরস্কার | যুব উন্নয়ন অধিদপ্তরের সফল আত্মকর্মী এবং স্বীকৃতিকৃত ও রেজিষ্ট্রেশনকৃত যুব সংগঠন। | পুরস্কার হিসেবে চেক/প্রাইজবন্ড, ক্রেস্ট ও সনদপত্র | বিজ্ঞপ্তি অনুসারে নির্ধারিত সময়ে আবেদন করতে হবে। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়<br>http://moysports.gov.bd<br><br>যুব উন্নয়ন অধিদপ্তর<br>http://dyd.gov.bd<br><br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়<br>http://youth.wazirpur.barisal.gov.bd/ | বিজ্ঞপ্তি অনুসারে নির্ধারিত সময়ে আবেদন করতে হবে। | জাতীয় পুরস্কার কমিটি কর্তৃক চূড়ান্ত মনোনয়নের পর জাতীয় যুব দিবসে নির্ধারিত সময় ও তারিখে অধিদপ্তরের অনুষ্ঠান থেকে মনোনিতকে পুরস্কার গ্রহণ করতে হয়। |

প্রত্যাশিত সেবা প্রদানকারী:

কর্মই জীবন

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
উজিরপুর, বরিশাল।
ইমেইল: wazirpur@dyd.gov.bd
ফোন: ০২-৪৭৮৮৭০৪৮৪